

উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালীর ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রতিবেদনঃ

১৭/০২/২০২২ খ্রি. তারিখে নোয়াখালী সদর উপজেলাধীন নোয়াখালী ক্ষুদ্র হকার্স সমবায় সমিতি লিঃ এর কার্যালয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী সমবায় সমিতির সংখ্যা ০৫ টি। ০১(এক) দিন ব্যাপি ভ্রাম্যমান প্রশিক্ষণে স্বাগত ব্যক্তব্য প্রদান করেন উপজেলা সমবায় অফিসার, জনাব মিনু প্রভা ভৌমিক এছাড়া অতিথি বক্তা হিসাবে নিম্নবর্ণিত ০৩জন কর্মকর্তা বক্তব্য প্রদান করেন।

ক্রঃনং	অতিথি বক্তার নাম	পদবী	প্রশিক্ষণের বিষয়বস্তু
১	জনাব মোঃ ইমরান হোসেন	জেলা সমবায় অফিসার, নোয়াখালী।	ব্যবস্থাপনা কমিটির সভা সাধারণ সভা ও সমবায় সমিতির জমা খরচ হিসাব নিয়ে আলোচনা।
২	জনাব ডাঃগৌতম চন্দ্র দাস	উপজেলা প্রানীসম্পদ অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী।	আধুনিক গরু ছাগল পালনের পদ্ধতি সম্পর্কে আলোচনা।
৩	মোঃ মোশরেফুল হাসান	উপজেলা কৃষি অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী।	আধুনিক কৃষি উপকরণ যেমন:- সার বীজ কীটনাশক ইত্যাদি সুষ্ঠু ব্যবহার বিষয়ক ধারণা ও বাড়ির আঙিনায় শাকসবজি, ফলমূল চাষ করে আয় বৃদ্ধি করে।

উক্ত ভ্রাম্যমান প্রশিক্ষণে কোর্স পরিচালক হিসাবে জনাব মোঃ আবদুল করিম ও সহকারী কোর্স পরিচালক হিসাবে জনাব আবদুল্লাহ আল মামুন উপস্থিত ছিলেন।

সমবায় বিভাগীয় কর্মকর্তাগণ সমিতির হিসাব সংরক্ষণ ও অডিটের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন।

সর্বশেষ সমিতির সদস্যগণ উপজেলা সমবায় কর্মকর্তার সাথে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। উপজেলা সমবায় কর্মকর্তার আহবানে প্রশিক্ষণার্থীদের মধ্য হতে নোয়াখালী ক্ষুদ্র হকার্স সমবায় সমিতি লিঃ এর সদস্য জনাবজাফর আহম্মদ প্রশিক্ষণের সার্বিক মূল্যায়ন করে অভিমত ব্যক্ত করেন যে, অধ্যকার এই প্রশিক্ষণে অংশগ্রহণ করে সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে অনেক কিছু জানতে পেরেছি এবং বাড়ির আঙিনায় শাকসবজি ফলমূল চাষ আধুনিক কৃষি উপকরণ বৃদ্ধির মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আয়-কর্মসংস্থান সৃষ্টি করা যায় সে বিষয়ে মূল্যবান ধারণা পেয়েছি। উক্ত প্রশিক্ষণের কিছু স্থিরচিত্র এসংগে সংযুক্ত করা হলো

